

বৃহস্পতিবার থেকে ইবিতে ৪০ দিনের ছুটি

ইবি প্রতিনিধি

২২ মার্চ ২০২৩ ০১:০৯

পিএম | আপডেট: ২২ মার্চ

২০২৩ ০১:২৫ পিএম

7
Shares



ইসলামী বিশ্ববিদ্যালয়

advertisement

পবিত্র রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে আগামীকাল ২৩ মার্চ থেকে ৪০ দিনের ছুটিতে যাচ্ছে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি)। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ. এম. আলী হাসান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, 'আসন্ন পবিত্র রমজান, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ইস্টার সানডে, বাংলা নববর্ষ ১৪৩০, শব-ই-কদর, ঈদুল ফিতর ও মে দিবস উপলক্ষে আগামী ২৩ মার্চ বৃহস্পতিবার হতে পহেলা মে সোমবার পর্যন্ত মোট ৪০ দিন ইসলামী বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ বন্ধ থাকবে। তবে ১৬ এপ্রিল রোববার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ খোলা থাকবে। এই সময়ে যদি কোন বিভাগ পরীক্ষা গ্রহণ করতে চায় তাহলে করতে পারবে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগকে পরিবহন অফিসে রিকুইজিশন দিয়ে গাড়ির ব্যবস্থা করতে হবে।'

advertisement

প্রজ্ঞাপন সূত্রে আরও জানা যায়, পরিত্র রমজানের সময় বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত চলবে। এর মাঝে দুপুর ১টা ১৫ মিনিট থেকে দেড়টা পর্যন্ত যোহরের নামাজের জন্য বিরতি দেওয়া হবে। তবে অফিস বন্ধকালীন বিশ্ববিদ্যালয়ের জরুরি সেবাসমূহ (চিকিৎসা, পানি, বিদ্যুৎ, আইসিটি সেল, নিরাপত্তা ও এস্টেট) চালু থাকবে।

বিশ্ববিদ্যালয়ের হলগুলো বন্ধের বিষয়ে প্রভেস্ট কাউন্সিলের সভাপতি অধ্যাপক ড. দেবাশীষ শর্মা জানান, যেহেতু ১৬ এপ্রিল পর্যন্ত অফিসসমূহ খোলা থাকবে, তাই প্রাথমিকভাবে হলগুলোও ওই সময় পর্যন্ত খোলা থাকবে। সে হিসেবে আগামী ২৯ এপ্রিল শনিবার থেকে হলগুলো খুলে দেয়া হবে।

advertisement

তবে এর থেকে বেশি সময় পর্যন্ত খোলা বা বন্ধ রাখার বিষয়ে পরে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান ড. দেবাশীষ শর্মা।

7
Shares